38

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 15 JUN 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# পীরগঞ্জে ডিগ্রী পরীক্ষা ভণ্ডুল ।। ১ জন গুলীবিদ্ধ

ঠাকুরগাঁও সংবাদদাতা ।। গতকাল সোমবার ডিগ্রী পরীক্ষার তৃতীয় দিনে ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ সরকারী কলেজ কেন্দ্রে ব্যাপক গোলযোগ, সংঘর্ষ ও গুলীবর্ষণের ঘটনা ঘটে। পরীক্ষা

( ২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ )

## পীরগঞ্জে ডিগ্রী

(১ম পৃঃ পর)

শুরু হওয়ার আধঘন্টা পরেই পরীক্ষা ভণ্ডুল হইয়া যায়। ১ জন ছাত্রের নকল ধরা লইয়া একজন শিক্ষক প্রহৃত হইলে পুলিশ উক্ত ছাত্রকে আটক করে। ইহাতে বহিরাগতরা পুলিশের বেষ্টনী ভেদ করিয়া পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে এবং ইটপাটকেল নিক্ষেপ করিতে থাকে। হট্টগোলের মধ্যে পরীক্ষার্থীরা হল হইতে বাহির হইয়া পড়ে এবং সম্মিলিতভাবে পুলিশ ও পরীক্ষকদের ওপর ইট-পাটকেল নিক্ষেপ করিতে থাকে। ইহাতে ২ জন শিক্ষক মারাত্মক আহত হয়। পুলিশ প্রথমে ৫ রাউণ্ড কাঁদানে গ্যাস পরে ৩ রাউণ্ড গুলীবর্ষণ করিলে নুরুজ্জামান নামে ১ জন ছাত্র আহত হয়। তাহাকে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। পরীক্ষকদের পক্ষ হইতে কয়েকজন ছাত্রের বিরুদ্ধে মামলা করা হইয়াছে। জেলা প্রশাসক ও পুলিশ সুপার ঘটনাস্থল পরিদর্শন করিয়াছেন। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে নিয়া এক সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হইয়াছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পরবর্তী পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়াছেন। ভণ্ডুল পরীক্ষার ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেটের সভায় সিদ্ধান্ত নেওয়া হইবে। উল্লেখ্য, ২টি কলেজের ৪৪৭জন পরীক্ষার্থী এখানে পরীক্ষা দিতেছে।

## দিনাজপুরে পরীক্ষা বর্জনকারীদের পরীক্ষায় অংশগ্রহণ

দিনাজপুর সংবাদদাতা জানান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আশ্বাসক্রমে গত ১২ই জুন দিনাজপুর সরকারী কলেজ ডিগ্রী পরীক্ষা কেন্দ্রে যে ২০৪১ জন পরীক্ষার্থী পরীক্ষা বর্জন করিয়াছিল গতকাল হইতে তাহারা পুনরায় পরীক্ষায় অংশ গ্রহণ করিয়াছে। বিডিআর ও পুলিশ প্রহরায় কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে পরীক্ষা অনুষ্ঠিত হয় ও ৮৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর উল্লিখিত ২০৪১ পরীক্ষার্থীর ইংরাজী ১ম পত্রের পরীক্ষা গ্রহণের ব্যবস্থা পরে করা হইবে বলিয়া জানাইয়াছেন।